

প্রেস রিলিজ

তারিখ: ০৮ মে ২০২৬

বাউবিতে 'Master in Sustainable Agriculture and Rural Livelihood' প্রোগ্রামের ৮ম ব্যাচের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল পরিচালিত Master in Sustainable Agriculture and Rural Livelihood প্রোগ্রামের ৮ম ব্যাচের (জানুয়ারি-জুন ২০২৬) ওরিয়েন্টেশন প্রোগ্রাম আজ ০৮ মে ২০২৬ তারিখ সকাল ১১:০০টায় অনুষ্ঠিত হয়েছে।

কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের তত্ত্বাবধানে আয়োজিত এ ওরিয়েন্টেশন প্রোগ্রাম বাউবির গাজীপুর ক্যাম্পাসস্থ ই-লার্নিং সেন্টারে অনুষ্ঠিত হয়। একইসঙ্গে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর; পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া এবং হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এই তিনটি স্টাডি সেন্টারে একযোগে অনুষ্ঠানটি সম্পন্ন হয়।

কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া এবং হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা ভারুয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে অংশগ্রহণ করেন।

ওরিয়েন্টেশন অনুষ্ঠানে ৮ম ব্যাচে ভর্তিকৃত শিক্ষার্থীদের Master in Sustainable Agriculture and Rural Livelihood প্রোগ্রামের পাঠক্রম, শিক্ষা কার্যক্রম, মূল্যায়ন পদ্ধতি এবং ভবিষ্যৎ সম্ভাবনা সম্পর্কে প্রাথমিক ধারণা ও দিকনির্দেশনামূলক পরামর্শ প্রদান করা হয়।

অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে গাজীপুর ক্যাম্পাসে কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন, শিক্ষক, প্রোগ্রাম সমন্বয়কারী, টিউটর এবং নবাগত শিক্ষার্থীরা সরাসরি উপস্থিত থেকে অংশগ্রহণ করেন।

অন্যদিকে বগুড়া আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া স্টাডি সেন্টারের উদ্বোধনী পর্বে আঞ্চলিক পরিচালক, সংশ্লিষ্ট সমন্বয়কারী, টিউটর এবং ২০২৬ সালের জানুয়ারি-জুন ব্যাচের শিক্ষার্থীরা কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠানে ভারুয়ালি যুক্ত হওয়ার পর নিজ স্টাডি সেন্টারে সরাসরি উপস্থিত থেকে ওরিয়েন্টেশন কার্যক্রম সম্পন্ন করেন।

একইভাবে দিনাজপুর উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্টাডি সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠানে উপ-আঞ্চলিক কেন্দ্রের যুগ্ম-পরিচালক, প্রোগ্রাম সমন্বয়কারী, টিউটরবৃন্দ এবং নবাগত শিক্ষার্থীরা কেন্দ্রীয় অনুষ্ঠানে অনলাইনে যুক্ত হওয়ার পর নিজ স্টাডি সেন্টারে উপস্থিত থেকে ওরিয়েন্টেশন সম্পন্ন করেন।

সভাপতির বক্তব্যে কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম বলেন, “টেকসই কৃষি উন্নয়ন ও পল্লী জীবিকার মানোন্নয়নে দক্ষ মানবসম্পদ তৈরিতে এ প্রোগ্রাম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আধুনিক প্রযুক্তিনির্ভর দূরশিক্ষণ ব্যবস্থার মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলের শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারণে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে।”

শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এবং সৌহার্দপূর্ণ পরিবেশে তিনটি স্টাডি সেন্টারের ওরিয়েন্টেশন প্রোগ্রাম সফলভাবে সম্পন্ন হয়।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

যুগ্ম-পরিচালক

মোবাইল: ০১৭১৪৫০৫৭৪৭